



বাংলাদেশ শিল্পকলা একাডেমি  
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

বাশিএ/নাট্য/১১৯৭/২০১৭-২০১৮ ১৬৭

তারিখ: ৩০/০৯/২০২৪

যাত্রাদল মালিক সমিতি ও যাত্রাশিল্প উন্নয়ন পরিষদ এর সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী:

সভার স্থান : মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।  
সভার তারিখ ও সময় : ১৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, সকাল ১১.০০টায়।  
সভাপতি : ড. সৈয়দ জামিল আহমেদ, মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।


**উপস্থিতি:**

১. জনাব সালাহউদ্দিন আহাম্মদ, সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
  ২. জনাব পূর্ণলাক্ষ চাকমা, সেট ডিজাইনার, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, বাশিএ, ঢাকা।
  ৩. জনাব তাপস সরকার, বিশিষ্ট যাত্রা ব্যক্তিত্ব, ঢাকা।
  ৪. জনাব সোহেল হায়দার জসিম, সভাপতি, যাত্রাদল মালিক সমিতি, ঢাকা।
  ৫. জনাব বদরুল আলম দুলাল, সভাপতি, যাত্রাশিল্প উন্নয়ন পরিষদ, ঢাকা।
  ৬. জনাব এম.এ মন্সুর, সাধারণ সম্পাদক, যাত্রাদল মালিক সমিতি, ঢাকা।
- এছাড়াও বিভিন্ন যাত্রাদলের মালিকবৃন্দ উপস্থিত ছিলেন।

**আলোচনা:**

সভার শুরুতে একাডেমির মহাপরিচালক সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় যাত্রাশিল্পের উন্নয়ন ও প্রসারের কর্মকৌশল ও সুবিধাবৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে দুর্গাপূজা উপলক্ষে যাত্রাপালা আয়োজনের প্রতিবন্ধকতা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সভায় সংশ্লিষ্ট সকলে নানা বিষয়ে উপস্থাপন করেন সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

১. নিবন্ধনকৃত যাত্রাদলগুলো সারা দেশব্যাপী যাতে যাত্রাপালা প্রদর্শনী করতে পারে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
২. আসন্ন দুর্গাপূজা উপলক্ষে সারাদেশে নির্বিঘ্নে যাত্রাপালা মঞ্চায়ন করতে পারে সে ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জেলা প্রশাসক এবং জেলা কালচারাল অফিসার সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে।
৩. স্কুল পর্যায়ে তথা জেলা/উপজেলা পর্যায়ে যাত্রার প্রশিক্ষণ চালু করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।
৪. নির্দিষ্ট কিছু গুণগতমান সম্পন্ন যাত্রাদলকে অনুদান প্রদানের মাধ্যমে তাদের সাংস্কৃতিক কার্যক্রমে উদ্বুদ্ধ করা প্রয়োজন।



ড. সৈয়দ জামিল আহমেদ

মহাপরিচালক

বাংলাদেশ শিল্পকলা একাডেমি।

৩০/৯/২৪